নিন্দভোলেঁ যশোদাঞঁ তাক না জাণিল ॥ ২
বসুল চলিলা তবেঁ কাহ্নু করি কোলে।
কংশের পহরী না জাণিল নিন্দভোলে ॥
কাহ্নু দেখি বাটত যমুনা থাহা দিল।
পার হআঁ বসুল নান্দের ঘর গেল ॥ ৩
যশোদার কোলে দিআঁ শিশু বনমালী।
বসুল আণিল ঘরে যশোদার বালী॥
তার রাএ কংসের পহুরী চিআইল।
দৈবকীর প্রসব কংশেরে জাণায়িল ॥ ৪
কংশে কণ্যা মায়িল শিলাপাটে আছাড়িআঁ।
কংসকে বুলিলে কণ্যা আকাসে থাকিআঁ ॥
নান্দোঘরে বালা বাঢ়ে তোহ্মা বধিবারে।
শুণী কংসে কৃত্যা কৈল কাহ্নু বধিবারে॥ ৫
প্রথমত কংশে পূতনাক নিয়োজিল।
তনপান ছলে কাহ্নু তাক সংহরিল ॥
তার পাছে যমল আর্জ্জুন পাঠায়িল।
একেই প্রহারে কাহ্নু তাহাক ভাঙ্গীল ॥ ৬
কেশি আদি আসুর পাঠাইল আনন্তরে।
তা সব মাইল কাহ্নু বিষম সমরে ॥
হেনমতেঁ গোকুলে বাঢ়িলা দামোদর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ৭॥